# এক নজরে

## মেট্রোপলিটন থানা সমবায় দপ্তর, খুলনা

**প্রারম্ভিক :** মেট্রোপলিটন থানা সমবায় দপ্তর, খুলনা এর আওতাধীন জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্ হ্রাস করণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম সংস্থা হিসেবে বহুল পরিচিত। এটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনস্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনে একটি দপ্তর। দপ্তরের প্রধান কর্মকর্তা মেট্রোপলিটন থানা সমবায় কর্মকর্তা, খুলনা নামে অভিহিত। সমবায় সমিতির নিবন্ধনসহ বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থসামাজিক উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা দপ্তরের মূল কার্যক্রম। দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী মোট জনবল ০৫ জন।

**দপ্তরের ঠিকানা :** ৩ পি. সি. রায় রোড (শহীদ হাদিস পার্কের পশ্চিম পার্শ্বে), খুলনা।

**বর্তমানে দপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী জনবলের তথ্য:**

| ক্রঃ নং | মঞ্জুরিকৃত পদের নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | উপজেলা সমবায় অফিসার | ১ জন |
| ০২. | সহকারী পরিদর্শক | ২ জন |
| ০৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ জন |
| ০৪. | অফিস সহায়ক | ১ জন |

**কার্যক্রম:** মেট্রোপলিটন থানা সমবায় দপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

- ধনী দরিদ্র নির্বিশেষে গণতন্ত্রমনা জনগণকে সমবায় আদর্শে উদ্বুদ্ধ করা এবং তাঁদের সমন্বয়ে সমবায় সমিতি গঠন, নিবন্ধন, তত্ত্বাবধায়ন ও আইনগতভাবে নিয়ন্ত্রণ করা ;
- নিবন্ধিত সমবায় সমিতির বার্ষিক নিরীক্ষা,পরিদর্শন, তদন্ত, নির্বাচন ও অবসায়ন কার্যক্রম সম্পাদন করা;
- সমবায় নেতৃবৃন্দ ও সদস্যবৃন্দকে সমবায় সম্পর্কিত জ্ঞান, দক্ষতা বৃদ্ধির জন্য সমবায় ব্যবস্থাপনা উন্নয়ন, নেতৃত্বের বিকাশ, আত্ম -কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র বিমোচন সংক্রান্ত প্রশিক্ষন প্রদান;
- সমবায় আন্দোলনকে জোরদার করার লক্ষ্যে সমবায়ের প্রচার, প্রকাশনা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা;

- সমবায় সমিতির উন্নয়নের লক্ষ্যে সমবায় সমিতির উপর জরিপ, গবেষণা এবং এর উপর প্রয়োজনীয় সুপারিশসহ সরকারের অনুমোদন, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা;
- সরকার কর্তৃক বাস্তবায়িত ও সরকারী অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কর্মসূচীর আওতায় সংগঠিত সমবায় সমিতি নিবন্ধন, তত্ত্বাবধান ও ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ;
- বৃক্ষরোপন, পরিবার পরিকল্পনা, গণশিক্ষা, জনস্বাস্থ্য রক্ষা ইত্যাদি সরকারী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে সহযোগিতা করা;
- সমবায় সংশ্লিষ্ট সকল প্রকার উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা।

## বর্তমানে সমবায় সমিতির সংক্ষিপ্ত তথ্য:

| ক্রঃ নং | বিবরণ | তথ্য |
|---|---|---|
| ০১. | কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা | ০৪ টি |
| ০২. | প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা | ২০৭ টি |
| ০৩. | কালব ভুক্ত সমিতির সংখ্যা | ০৫ টি |
| ০৪. | বিভাগব্যাপী সমবায় সমিতির সংখ্যা | ০৬ টি |
| ০৫. | সর্বমোট সমবায় সমিতির সংখ্যা | ২২২ টি |
| ০৬. | ব্যক্তি সদস্য সংখ্যা | পুরুষ- ৭৮,৫৮০ জন<br>মহিলা- ৪৫,৭৫০ জন<br>সর্বমোট- ১,২৪,৩৩০ জন |
| ০৭. | শেয়ার মূলধন | ১.৭২ কোটি টাকা |
| ০৮. | সঞ্চয় আমানত | ২.২৫ কোটি টাকা |
| ০৯. | কার্যকরী মূলধন | ৫.৮০ কোটি টাকা |
| ১০. | মোট সম্পদ | ৩.২৫ কোটি টাকা |

(মোঃ মোস্তফা কামাল)
মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, খুলনা
ফোন : ০২৪৭৭-৭২১৪০৯
tcokhulnametro@gmail.com